বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল
রাহাত টাওয়ার (৫ম তলা), ১৪ লিংক রোড
পশ্চিম বাংলামোটর, ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফোন ঃ +৮৮-০২-৪১০৬১৩১৯, ৪১০৬১৩২০
ফ্যাক্স ঃ +৮৮০-২-৯৬৭৬৬০০

PHARMACY COUNCIL OF BANGLADESH
Rahat Tower (4th Floor), 14 Link Road
West Banglamotor, Dhaka-1000, Bangladesh.
Tel : +88-02-41061319, 41061320, Fax : +880-2-9676600
E-Mail : info@pcb.gov.bd, Web : www.pcb.gov.bd

স্মারক নং: পিসিবি/২০২৬-০২৩২

তারিখ: ১০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ / ২৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

# সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ফার্ম. ডি কোর্সের অভিস্বীকৃতি (Accreditation) ও শিক্ষার্থী ভর্তি নীতিমালা, ২০২৬

**১. সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন:**

১.১ এ নীতিমালা ‘সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ফার্ম. ডি কোর্সের অভিস্বীকৃতি (Accreditation) ও শিক্ষার্থী ভর্তি নীতিমালা, ২০২৬’ নামে অভিহিত হবে।

১.২ বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল (পিসিবি) কর্তৃক প্রণীত ও অনুমোদিত এ নীতিমালা বাংলাদেশের সকল সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ফার্ম. ডি কোর্সের অভিস্বীকৃতি (Accreditation) প্রদানের ক্ষেত্রে কার্যকর হবে।

**২. কোর্স:**

যে সকল বিশ্ববিদ্যালয়ে ফার্মেসি বিভাগে বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল কর্তৃক অভিস্বীকৃত (Accreditated) বি. ফার্ম কোর্স চলমান রয়েছে এবং ন্যূনতম ১০০ (একশত) শয্যা বিশিষ্ট হাসপাতালের সাথে সমঝোতা স্মারক (MoU) থাকবে শুধু সে সকল বিশ্ববিদ্যালয় ফার্ম. ডি কোর্সের অনুমোদনের জন্য আবেদন করতে পারবে।

**৩. কারিকুলাম ও ইন্টার্নশিপ:**

৩.১ ফার্মেসি শিক্ষাকে যুগোপযোগী এবং দেশের সকল বিশ্ববিদ্যালয়ে সমরূপতা (Uniformity) আনয়নের লক্ষ্যে বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল কর্তৃক প্রণীত ০৫ (পাঁচ) বছর মেয়াদী বর্ষ/ সেমিস্টার পদ্ধতির ফার্ম. ডি কোর্স কারিকুলাম অনুসরণ করতে হবে।

৩.২ ফার্ম. ডি কোর্স পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল কর্তৃক প্রণীত অভিন্ন সিলেবাস অনুসরণ করতে হবে।

৩.৩ ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানে ন্যূনতম ০২ (দুই) সপ্তাহ এবং

৩.৪ ন্যূনতম ১০০ (একশত) শয্যা বিশিষ্ট হাসপাতালে ০৬ (ছয়) মাস ইন্টার্নশিপ করতে হবে।

**৪. কোর্সের মেয়াদ:**

৪.১ বর্ষ/ সেমিস্টার পদ্ধতিতে ফার্ম. ডি কোর্সের মেয়াদ হবে ০৫ (পাঁচ) বছর।

৪.২ বর্ষ পদ্ধতিতে বছরে একটি শিক্ষাবর্ষ থাকবে। সেমিস্টার পদ্ধতিতে জানুয়ারি-জুন ও জুলাই-ডিসেম্বর এ দুটি সেমিস্টার থাকবে।

**৫. শিক্ষকবৃন্দ:**
সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয়ে বি. ফার্ম কোর্সের অভিস্বীকৃতি (Accreditation) ও শিক্ষার্থী ভর্তি নীতিমালা, ২০২৫ এর অনুচ্ছেদ ৫, ৬, ৭ ও ৮ অনুসরণ করতে হবে। এছাড়াও ক্লিনিক্যাল ফার্মেসি ও ফার্মাকোলজি বিষয়ে উচ্চতর ডিগ্রিধারী ন্যূনতম ০২ (দুই) জন সহকারী অধ্যাপক/তদূর্ধ্ব থাকতে হবে।

**৬. শিক্ষক নিয়োগ নীতিমালা:** বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/ বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল এর বিধি অনুযায়ী শিক্ষক নিয়োগ দিতে হবে।

৬.১ ফার্মেসির বিষয়সমূহ পাঠদানের জন্য নিযুক্ত শিক্ষককে অবশ্যই বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল কর্তৃক 'এ' ক্যাটাগরিতে নিবন্ধিত ফার্মাসিস্ট হতে হবে।

৬.২ বিদেশি শিক্ষকের ক্ষেত্রে বাংলাদেশ সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনুমোদন থাকতে হবে এবং তার শিক্ষাগত যোগ্যতা বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল কর্তৃক মূল্যায়িত হতে হবে।

**৭. পাঠদান পদ্ধতি:**
৭.১ বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল কর্তৃক দূর-শিক্ষণ বা খন্ডকালীন ফার্ম. ডি কোর্স অনুমোদিত হবে না।

৭.২ তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাসের পাশাপাশি পর্যাপ্ত কুইজ, এসাইনমেন্ট, প্রেজেন্টেশন ইত্যাদির ব্যবস্থা থাকতে হবে।

৭.৩ তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাসে আধুনিক পাঠদান পদ্ধতির উপযোগী সুযোগ-সুবিধা থাকতে হবে।

৭.৪ আধুনিক যন্ত্রপাতি এবং প্রযুক্তির সমন্বয়ে শিক্ষার্থীদের পর্যাপ্ত ব্যবহারিক শিক্ষা প্রদান করতে হবে।

**৮. পরীক্ষার নীতিমালা:**
৮.১ লিখিত, মৌখিক ও ব্যবহারিক শিক্ষার উপরে ভিত্তি করে পরীক্ষাসমূহ গ্রহণ করতে হবে। শিক্ষার্থীর প্রকৃত মূল্যায়নের লক্ষ্যে চেয়ারম্যান/বিভাগীয় প্রধান বা তাঁর ক্ষমতাপ্রাপ্ত কোন শিক্ষক নিয়মিত পরীক্ষা ব্যতীতও অতিরিক্ত পরীক্ষার ব্যবস্থা করতে পারবেন।

৮.২ পরীক্ষার উপকরণ পরীক্ষা নিয়ন্ত্রক/ চেয়ারম্যান/বিভাগীয় প্রধান কর্তৃক পরবর্তী একাডেমিক সেশন আরম্ভ এবং আপিল আবেদন দাখিল ও চলমান অবস্থা পর্যন্ত সংরক্ষিত থাকবে।

৮.৩ নম্বর বন্টন:
মিড-টার্ম ৩০%, টার্ম ফাইনাল ৫০%, ধারাবাহিক মূল্যায়ন (কুইজ, এসাইনমেন্ট, ক্লাস টেস্ট ও উপস্থিতি) ২০% হবে।

৮.৪ টার্ম ফাইনাল পরীক্ষায় পূর্ণাঙ্গ সিলেবাস অন্তর্ভুক্ত থাকবে।

৮.৫ পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য একটি পরীক্ষা কমিটি থাকবে। প্রতিটি বর্ষ/সেমিস্টারের জন্য পৃথক পরীক্ষা কমিটি গঠন করতে হবে। বিভাগীয় একাডেমিক কমিটি কর্তৃক পরীক্ষা কমিটি গঠিত হবে এবং একজন বহিস্থ সদস্য অন্তর্ভুক্ত করতে হবে।

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল
রাহাত টাওয়ার (৫ম তলা), ১৪ লিংক রোড
পশ্চিম বাংলামোটর, ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফোন ঃ +৮৮-০২-৪১০৬১৩১৯, ৪১০৬১৩২০
ফ্যাক্স ঃ +৮৮০-২-৯৬৭৬৬০০

PHARMACY COUNCIL OF BANGLADESH
Rahat Tower (4th Floor), 14 Link Road
West Banglamotor, Dhaka-1000, Bangladesh.
Tel : +88-02-41061319, 41061320, Fax : +880-2-9676600
E-Mail : info@pcb.gov.bd, Web : www.pcb.gov.bd

৮.৬ পরীক্ষার কমিটি হবে ০৪ (চার) সদস্য বিশিষ্ট, তাঁদের মধ্যে একজন সভাপতি ও ০২ (দুই) জন ফার্মেসি বিভাগের একাডেমিক কমিটি থেকে মনোনীত এবং ০১ (এক) জন বহিস্থ সদস্য। পরীক্ষা কমিটি একাডেমিক কমিটি কর্তৃক মনোনীত প্যানেল থেকে পরীক্ষক নির্বাচন করবেন। ফার্মেসি বিভাগের শিক্ষকবৃন্দ ও ফার্মেসি পেশার স্বনামধন্য ব্যক্তিবর্গ যাদের ফার্মেসি বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি রয়েছে তাঁরা প্যানেলে অন্তর্ভুক্ত থাকবেন। প্রতিটি কোর্সের মিড-টার্ম পরীক্ষার উত্তরপত্র কোর্স শিক্ষক মূল্যায়ন করবেন। প্রতিটি তত্ত্বীয় কোর্সের টার্ম ফাইনাল পরীক্ষার মূল্যায়ন অভ্যন্তরীণ পরীক্ষক হিসেবে কোর্স শিক্ষক এবং পরবর্তীতে অনুমোদিত পরীক্ষকদের প্যানেল থেকে পরীক্ষা কমিটি কর্তৃক মনোনীত পরীক্ষক দ্বারা উত্তরপত্র মূল্যায়িত হবে। নম্বরের তারতম্যের ক্ষেত্রে গড় নম্বর গৃহীত হবে। মিড-টার্ম পরীক্ষার ক্ষেত্রে সংশ্লিষ্ট কোর্স শিক্ষক পরীক্ষা কমিটির নিকট একটি প্রস্তাবিত প্রশ্নপত্র জমা দিবেন। টার্ম ফাইনালের ক্ষেত্রে ১ম ও ২য় উভয় পরীক্ষক তাদের আলাদা প্রস্তাবিত প্রশ্নপত্র পরীক্ষা কমিটির নিকট জমা দিবেন। পরীক্ষা কমিটি যাচাই-বাছাই পূর্বক প্রতিটি কোর্সের জন্য প্রশ্নপত্র চূড়ান্ত করবেন। পরীক্ষা কমিটি কর্তৃক মনোনীত ০২ (দুই) জন টেবুলেটর দ্বারা নম্বরপত্রের চূড়ান্ত বিবরণী প্রস্তুত করতে হবে। এ সকল কার্যক্রমে কঠোরভাবে গোপনীয়তা বজায় রাখতে হবে।

৮.৭ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/ বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল কর্তৃক অনুমোদিত গ্রেডিং পদ্ধতি দেশের সকল বিশ্ববিদ্যালয়কে অনুসরণ করতে হবে।

**৯. ক্রেডিট বা ক্রেডিট আওয়ার:**

৯.১ সাধারণত এটি দ্বারা একাডেমিক কাজের একক হিসেবে সেমিস্টার ক্রেডিট বা সেমিস্টার আওয়ারকে বুঝাবে। এক ক্রেডিট সম্পন্ন করতে একটি সেমিস্টারে প্রত্যেক সপ্তাহে ক্লাসের মেয়াদ ৫০ মিনিট।

৯.২ সমতা হিসাব করতে একটি সেমিস্টারের মেয়াদকাল ১৮ সপ্তাহ। ০৫ (পাঁচ) দিন বা তার অধিক সময়ের স্বল্প মেয়াদি কোর্সের ক্লাস, ল্যাব ও প্রস্তুতিকালীন সময় সর্বমোট ৪০ ঘন্টা (৩ ক্রেডিট) স্থায়ী হবে।

**১০. শিক্ষার্থী ভর্তি নীতিমালা:**

১০.১ আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। কেবলমাত্র সরকার কর্তৃক বিদেশি শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত আসনে বিদেশি শিক্ষার্থী ভর্তির আবেদন করতে পারবে।

১০.২ বিজ্ঞান বিভাগে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমানের পরীক্ষায় মোট জিপিএ ৯.০০ (১০ স্কেলে) থাকতে হবে, তবে কোনো পরীক্ষায় জিপিএ ৪.৫০ (৫ স্কেলে) এর কম হবে না। এইচএসসি/সমমানের পরীক্ষায় রসায়ন ও জীববিজ্ঞান বিষয়ে ন্যূনতম জিপিএ ৪.৫০ এবং পদার্থবিজ্ঞান ও গণিত বিষয়ে ন্যূনতম জিপিএ ৪.০০ থাকতে হবে। বি. ফার্ম পরীক্ষায় তৃতীয় বর্ষ/ষষ্ঠ সেমিস্টার পর্যন্ত সিজিপিএ ন্যূনতম ৩.২৫ (৪ স্কেলে) থাকতে হবে।

১০.৩ 'A' Level এর ক্ষেত্রে Chemistry ও Biology বিষয়ে 'A' গ্রেড এবং Physics ও Mathematics বিষয়ে ন্যূনতম 'B' গ্রেড থাকতে হবে।

১০.৪ এইচএসসি/'A' Level বা সমমানের পরীক্ষায় গণিতে ৪.০০ এর কম/অকৃতকার্য/গণিত ব্যতীত শিক্ষার্থীরা ভর্তি হতে পারবে কিন্তু তাদেরকে ৩ ক্রেডিটের ০১ (এক) টি অতিরিক্ত গণিত কোর্স সম্পন্ন করতে হবে।

১০.৫ বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল কর্তৃক সময়ে সময়ে মূল্যায়নের ভিত্তিতে জিপিএ মান নির্ধারণ করা হবে।

**বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল**
রাহাত টাওয়ার (৫ম তলা), ১৪ লিংক রোড
পশ্চিম বাংলামোটর, ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফোন ঃ +৮৮-০২-৪১০৬১৩১৯, ৪১০৬১৩২০
ফ্যাক্স ঃ +৮৮০-২-৯৬৭৬৬০০

**PHARMACY COUNCIL OF BANGLADESH**
Rahat Tower (4th Floor), 14 Link Road
West Banglamotor, Dhaka-1000, Bangladesh.
Tel : +88-02-41061319, 41061320, Fax : +880-2-9676600
E-Mail : info@pcb.gov.bd, Web : www.pcb.gov.bd

১০.৬ সেমিস্টার প্রতি আসন সংখ্যা:

বিশ্ববিদ্যালয়ের বিদ্যমান সুযোগ-সুবিধা অনুযায়ী বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুমোদনের সাথে সামঞ্জস্য রেখে ফার্মেসি বিভাগে ফার্ম. ডি কোর্সের আসন সংখ্যা বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল কর্তৃক নির্ধারিত হবে। বি. ফার্ম কোর্সের অনুমোদিত আসন সংখ্যার সর্বোচ্চ ২৫% (পঁচিশ শতাংশ) ফার্ম. ডি কোর্সের আসন সংখ্যা হিসেবে বিবেচিত হবে। বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগের অনুমোদিত আসন সংখ্যার অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না। আসন সংখ্যা বৃদ্ধির ক্ষেত্রে অবশ্যই বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।

১০.৭ ৯ম সেমিস্টারে/ ৫ম শিক্ষাবর্ষে অধ্যয়নরত ফার্ম. ডি শিক্ষার্থীদের বি. ফার্ম পরীক্ষায় তৃতীয় বর্ষ/ষষ্ঠ সেমিস্টার পর্যন্ত সিজিপিএ উল্লেখপূর্বক তালিকা এবং কাউন্সিল কর্তৃক ইস্যুকৃত তালিকাভুক্তি কার্ডের অনুলিপি ০১ (এক) মাসের মধ্যে আবশ্যিকভাবে বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলে প্রেরণ করতে হবে।

**১১. ফার্মেসি বিভাগের প্রয়োজনীয় অবকাঠামো:**

সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয়ে বি. ফার্ম কোর্সের অভিস্বীকৃতি (Accreditation) ও শিক্ষার্থী ভর্তি নীতিমালা, ২০২৫ এর অনুচ্ছেদ ১৪ ও ১৫ অনুসরণ করতে হবে।

**১২. এক্রিডিটেশন ও এডুকেশন কমিটির পরিদর্শন:**

শিক্ষার গুণগতমান নিশ্চিতকরণে বিদ্যমান অবস্থা (ফার্ম. ডি ও বি. ফার্ম কোর্সের পাঠ্যক্রম, পূর্ণাঙ্গ শিক্ষা পদ্ধতি, প্রাতিষ্ঠানিক অবকাঠামো, শিক্ষকমন্ডলী, ল্যাবরেটরি যন্ত্রপাতি, বই-পুস্তক ও অন্যান্য বিষয়) মূল্যায়নের জন্য বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের এক্রিডিটেশন ও এডুকেশন কমিটি নোটিশ প্রদান বা নোটিশ ব্যতীত যে কোনো সময় বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগ/প্রতিষ্ঠান পরিদর্শন করবেন।

**১৩. নীতিমালার শর্ত ভঙ্গ:**

এ নীতিমালার কোনো শর্ত ভঙ্গ করলে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগের বিরুদ্ধে বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের এক্রিডিটেশন ও এডুকেশন কমিটির সুপারিশক্রমে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ ০১ জুলাই ২০২৬ তারিখ থেকে কার্যকর হবে।

২০.০২.২৬
(মুহাম্মদ মাহবুবুল হক)
সচিব
বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল

(মোঃ সাইদুর রহমান) ১৩.০২.২৬
সভাপতি
বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল
ও
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার